গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট-১ শাখা
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৩৯.০২০.০০.০০.০২১.২০১৭-৩০৩ তারিখঃ ১৫-০৪-২০২০খ্রিঃ

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ কুর্মিটোলা জেনারেল হাসপাতালসহ বিভিন্ন হাসপাতালে করোনা রোগীদের চিকিৎসা কাজে নিয়োজিত চিকিৎসা কর্মীদের জন্য কোরায়ান্টাইন এক্সপেন্স খাতে পুনঃউপযোজনপূর্বক বরাদ্দ।

সূত্রঃ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.১০৪.০২০.২৭০১.২৬.২০১৭-২১৩, তারিখঃ ১৫-০৪-২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুর্মিটোলা জেনারেল হাসপাতালসহ বিভিন্ন হাসপাতালে করোনা রোগীদের চিকিৎসা কাজে নিয়োজিত চিকিৎসা কর্মীদের **থাকার খরচ, খাওয়ার খরচ, চিকিৎসা কর্মীদের পরিবহন ব্যয়, রোগী পরিবহন ব্যয় এবং পরিস্কার পরিচ্ছন্নতা ব্যয় ও অন্যান্য আনুষাংগিক ব্যয় নির্বাহের জন্য** কোরাইন্টাইন এক্সপেন্স খাতে পুনঃউপযোজন করা প্রয়োজন। ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত ১২৭০১০১-১১০৫১২- সচিবালয় ৩২৫২১০৫- চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি খাতে সংশোধিত বাজেটে বরাদ্দকৃত অর্থের অব্যয়িত অর্থ হতে নিম্নোক্তভাবে ১১,০০,০০,০০০/- (এগার কোটি) টাকা পুনঃউপযোজনে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

যে কোড ও খাত হতে পুনঃউপযোজন হবে	যে হাসপাতালের অনুকূলে পুনঃউপযোজন হবে	যে কোড ও খাতে পুনঃউপযোজন হবে	প্রস্তাবিত পুনঃউপযোজনের পরিমাণ
১২৭০১০১-১১০৫১২- সচিবালয় ৩২৫২১০৫- চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি খাতে সংশোধিত বাজেটে বরাদ্দকৃত অব্যয়িত অর্থ হতে	কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা	৩৮২১১২৮- কোয়ারান্টাইন এক্সপেন্স	৫,০০,০০,০০০/-
	শহীদ সোহওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল (২০০ শয্যা বিশিষ্ট মার্তৃ ও শিশু স্বাস্থ্য হাসপাতাল, লালকুটির জন্য)		২,০০,০০,০০০/-
	স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল (মহানগর জেনারেল হাসপাতালের জন্য)		২,০০,০০,০০০/-
	শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনঃ ও হাসপাতাল, ঢাকা		২,০০,০০,০০০/-
		মোট	১১,০০,০০,০০০/- (এগার কোটি)

২। ৩৮২১১২৮- কোয়ারান্টাইন এক্সপেন্স খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা উপরে বর্ণিত স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে করোনা রোগীদের চিকিৎসা কাজে কর্মরত চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মচারীদের নিম্নবর্ণিত ব্যয় নির্বাহ করা হবে।

(ক) থাকার খরচ (বিভিন্ন হোটেলের সাথে দর কষাকষির মাধ্যমে উপনীত চুক্তি অনুযায়ী প্রকৃত অংক পরিশোধযোগ্য);
(খ) **খাওয়ার খরচ (প্রতিদিন প্রতিজন ৫০০/- টাকা হারে);**
(গ) চিকিৎসা কর্মীদের পরিবহন ব্যয় (দর কষাকষির মাধ্যমে উপনীত চুক্তি অনুযায়ী);
(ঘ) রোগী পরিবহন ব্যয় (দর কষাকষির মাধ্যমে উপনীত চুক্তি অনুযায়ী); এবং
(ঙ) পরিস্কার পরিচ্ছন্নতা ও আনুষংগিক ব্যয়।

তবে, শর্ত থাকে যে,

(ক) করোনা ভাইরাস প্রতিরোধ ও করোনা রোগীদের চিকিৎসা কাজে নিয়োজিত ডাক্তার, নার্স ও স্বাস্থ্য কর্মীদের থাকা, খাওয়া ও পরিবহন ব্যয়ের ক্ষেত্রে এ আদেশ/ব্যয় হার প্রযোজ্য হবে। জরুরি ও করোনা মহামারী বিবেচনা করে এ সম্মতি প্রদান করা হলো। অন্য কোনো ক্ষেত্রে এ আদেশ/ব্যয় হারকে উদাহরণ হিসাবে ব্যবহার করা যাবে না।
(খ) পুনঃউপযোজনকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
(গ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
(ঘ) পুনঃউপযোজনকৃত অর্থ উক্ত খাত ব্যতীত অন্য কোন খাতে ব্যয় করা যাবে না;
(ঙ) পুনঃউপযোজনকৃত অর্থ আলোচ্য প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট খাতে সমন্বিত হবে;
(চ) পুনঃউপযোজনকৃত অর্থ অব্যয়িত অর্থের মধ্যে সীমিত রয়েছে তা নিশ্চিত করে বিল পরিশোধ করতে হবে।

১৫.০৪.২০২০
(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫৯২৭

E:\Romjanul\General letter Nikosh.doc

স্মারক নং-৪৫.১৩৯.০২০.০০.০০.০২১.২০১৭-৩০৩/১(২) তারিখঃ ১৫-০৪-২০২০খ্রিঃ

মঞ্জুরি পত্রের ২ (দুই) প্রস্থ অনুলিপি অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ (বাজেট-৪ শাখা)-এ প্রেরণ করা হলো। ১ (এক) কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা এবং ১ (এক) কপি স্বাস্থ্য সেবা বিভাগে (বাজেট অধিশাখা) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব

স্মারক নং-০৭.১০৪.০২০.২৭০১.২৬.২০১৭- তারিখঃ -০৪-২০২০খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকার নিকট প্রেরণ করা হলো/

উপসচিব (বাজেট-৪)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

স্মারক নং-৪৫.১৩৯.০২০.০০.০০.০২১.২০১৭-৩০৩/২(৭) তারিখঃ ১৫-০৪-২০২০খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি, অর্থ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
৩। পরিচালক (অর্থ),স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। পরিচালক,...
৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (আধা সরকারিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। অতিরিক্ত সচিব (বাজেট/হাসপাতাল) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব

E:\Romjanul\General letter Nikosh.doc